

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস  
বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং: উমাশিঅ/বানি/ ৮৮৯

তারিখ: ০৪/০৯/২০২১


বিষয়: মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বানিয়াচং উপজেলা পরিষদের মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির এক সভা আগামী ১০/০৯/২০২১ ইং, সকাল ১০.০০ ঘটিকায় স্থায়ী কমিটির সভাপতি ভাইস চেয়ারম্যান জনাব ফারুক আমীন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

কমিটির সদস্যবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ

- ১। ভাইস চেয়ারম্যান
- ২। চেয়ারম্যান, ১নং বানিয়াচং উত্তর-পূর্ব ইউপি।
- ৩। চেয়ারম্যান, ৩নং বানিয়াচং দক্ষিণ-পূর্ব ইউপি।
- ৪। চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি।

  
০৪/০৯/২০২১

(মো: কাওছার শোকরানা)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
ও  
সদস্য সচিব  
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি  
বানিয়াচং, হবিগঞ্জ।

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির কার্যবিবরণী:

সভাপতি: জনাব মো: ফারুক আমীন

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

সভার স্থান: ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

তারিখ: ১০/০৯/২০২১ ইং, সময়: সকাল-১০.০০ মিনিট।

সভার উপস্থিতি পরিশিষ্ট "ক"তে দেখানো হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির কার্যক্রম ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয়ের আলোচনা শেষে সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানিয়াচং কে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার বিষয়ে আলোচনা ও সমস্যা নিয়ে বক্তব্য উপস্থাপনের আহবান জানান। মাধ্যমিক শিক্ষা অফিসার নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা করেন:-

১। মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ভবনে প্রতি বছর বানিয়াচং উপজেলাসহ পার্শ্ববর্তী আজমিরীগঞ্জ, নবীগঞ্জ ও হবিগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষকবৃন্দ আইসিটি প্রশিক্ষণ গ্রহণ করিয়া থাকেন। প্রচলিত সময় আইসিটি প্রশিক্ষণ চলাকালীন সময় ঠান্ডা পানির প্রয়োজনীয়তা দেখা দেয়। কিন্তু ভবনে ঠান্ডা পানি সংরক্ষণের ফ্রিজ না থাকায় কোমল পানি পান করা সম্ভব হয় না। সভায় মাধ্যমিক শিক্ষা অফিসার ইউআইটিআরসিই ভবনে একটি ফ্রিজ বরাদ্দের দাবী জানান।

সিদ্ধান্ত: উপস্থিত সদস্য বৃন্দ মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রস্তাবে সম্মতি প্রকাশ করে প্রস্তাব বাস্তবায়নে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। সদস্য বৃন্দ বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থ থেকে এ প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে বলে মতামত ব্যক্ত করেন। উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে এ প্রস্তাব বাস্তবায়নের অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: ফারুক আমীন)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি

বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং: উমাশিঅ/বানি-

৫৯৭

তারিখ:

১০/৯/২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বানিয়াচং
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, হবিগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ
- ৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং



(মো: কাওছার শোকরানা)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি

বানিয়াচং, হবিগঞ্জ।





পরিসিষ্ট "ক"

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির সভার উপস্থিতির স্বাক্ষর বিবরণীঃ

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যানের কার্যালয়

বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ- ২০/১/২০২২

ক্রমিক নং	নাম	অফিসিয়াল পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মো: ফারুক আমীন	ভাইস চেয়ারম্যান	সভাপতি	
০২	মো: গিয়াসউদ্দিন	চেয়ারম্যান, ১নং বানিয়াচং উত্তর-পূর্ব ইউপি	সদস্য	
০৩	মো: হাবিবুর রহমান	চেয়ারম্যান, ৩নং বানিয়াচং দক্ষিণ-পূর্ব ইউপি	সদস্য	
০৪	মো: লুৎফর রহমান	চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি	সদস্য	
০৫	মো: কাওছার শোকরানা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব	